**রাজশাহী বিশ্ববিদ্যালয়**
**প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান এলামনাই এসোসিয়েশন**

# গঠনতন্ত্র

১। **সমিতির নাম:** রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান এলামনাই এসোসিয়েশন ও ইংরেজিতে Rajshahi University Biochemistry and Molecular Biology Alumni Association (RUBMBAA)

২। **সমিতির ঠিকানা :** প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী -৬২০৫।

৩। **সমিতির ধরণ :** এটি সম্পূর্ণরূপে একটি অরাজনৈতিক, অসাম্প্রদায়িক ও অলাভজনক সংগঠন ।

৪। **লক্ষ্য ও উদ্দেশ্য :**

**(ক)** দেশে ও বিদেশে অবস্থানরত অ্যালামনাইদের মধ্যে পরিচয়ের যোগসূত্র সৃষ্টি, জ্ঞানের আদান-প্রদান, পারস্পরিক সহযোগিতা ও ঘনিষ্ঠ সম্পর্ক স্থাপন।

**(খ)** প্রযোজ্য ক্ষেত্রে বিভাগের শিক্ষা ও গবেষণার উন্নয়নে এবং সুনাম বৃদ্ধিতে সহায়ক শক্তি হিসাবে কাজ করা।

(গ) প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ এবং RUBMBAA'র যৌথ উদ্যোগে জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার, সিম্পোজিয়াম, সমাবেশ ও কর্মশালার আয়োজন করা।

(ঘ) সদস্যদের পরিচয় সংবলিত স্মরণিকা এবং সাময়িকী প্রকাশ করা।

(ঙ) বিভাগের ছাত্রবৃত্তি, শিক্ষা সহায়ক ও উন্নয়নমূলক কর্মকান্ডে সহযোগিতা প্রদানের জন্য এলামনাই কল্যাণ তহবিল গঠন করা।

(চ) প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞানের গ্রাজুয়েটগণকে যুগোপযোগী শিক্ষা এবং প্রশিক্ষণের জন্য সহায়তা প্রদান করা।

(ছ) কর্মক্ষেত্রে সুযোগ-সুবিধা নিশ্চিতকরণের জন্য দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের এলামনাইদের সাথে আলোচনা সাপেক্ষে সমন্বিত রেজিষ্ট্রেশন ব্যবস্থা চালুকরণ ও তার বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা।

(জ) বায়োকেমিস্ট্রি পেশার গুরুত্ব অনুধাবনকল্পে সরকার ও সংশ্লিষ্টদের সাথে আলোচনা ও প্রচারণা চালানো।

(ঝ) বায়োকেমিস্টদের কর্মক্ষেত্র সম্প্রসারণ, পেশাগত অধিকার ও সম্মান প্রতিষ্ঠা এবং বিরাজমান পরিবেশ এর উন্নয়ন করা।

**৫। সদস্যপদ ঃ**

এই এলামনাই এসোসিয়েশনে তিন শ্রেণীর সদস্য থাকবেন।

(ক) সাধারণ সদস্য

(খ) সম্মানিত  সদস্য

(গ) সহযোগী সদস্য

**৬ । সদস্যপদ লাভের যোগ্যতা**

(ক) **সাধারণ সদস্য :** প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক অথবা স্নাতকোত্তর ডিগ্রী লাভকারী যে কোন ব্যাক্তি নির্ধারিত চাঁদা প্রদান সাপেক্ষে এলামনাই এসোসিয়েশনের সাধারণ সদস্য হতে পারবেন এবং প্রযোজ্য ক্ষেত্রে ভোটাধিকার প্রয়োগ করবেন।

(খ) **সম্মানিত সদস্যঃ** জাতীয় ও আর্ন্তজাতিক ক্ষেত্রে খ্যাতিসম্পন্ন ব্যাক্তি যাঁরা শিক্ষাক্ষেত্রে বা অ্যালামনাই উন্নয়নকল্পে অসাধারণ/বিশেষ অবদান রেখেছেন, এলামনাই এসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটি তাঁদের সম্মানিত সদস্য পদ প্রদান করতে পারবেন ।সম্মানিত সদস্যের ভোটাধিকার থাকবে না।

(গ) **সহযোগী সদস্যঃ** এসোসিয়েশনের লক্ষ্য ও উদ্দেশ্যে বিশ্বাসী এবং তা পূরণে সহযোগী হতে ইচ্ছুক ও সামর্থবান ব্যাক্তি বা সংগঠন সহযোগী সদস্যের জন্য আবেদন করতে পারবেন। কার্যনির্বাহী কমিটির অনুমোদনক্রমে সেই ব্যাক্তি বা সংগঠন সহযোগী সদস্য হিসাবে গণ্য হবেন। তবে সহযোগী সদস্যের ভোটাধিকার থাকবে না।

**৭ । সদস্য পদের চাঁদা**

সাধারণ সদস্যদের জন্য এলামনাই এসোসিয়েশনে নিবন্ধন ফি ২০০০/-(দুই হাজার) টাকা এবং বাৎসরিক চাঁদা ১০০/- (একশত) টাকা। সম্মানিত সদস্যের জন্য নিবন্ধন ফি বা বাৎসরিক চাঁদা প্রযোজ্য হবে না। একজন সহযোগী সদস্য অর্ন্তভুক্তি ফি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা প্রদান করবেন তবে বাৎসরিক ফি প্রদান করতে হবে না। RUBMBAA'র দ্বিবার্ষিক সম্মেলনে অংশগ্রহণের  জন্য রেজিস্ট্রেশন ফি কার্যনির্বাহী কমিটি কর্তৃক নির্ধারিত হবে । সদস্য চাঁদার পরিমাণ কাযনির্বাহী কমিটি কর্তৃক নির্ধারিত হবে। সদস্য চাঁদার পরিমান পুনঃনির্ধারণের জন্য কার্যনির্বাহী কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত সাধারণ সভায় অনুমোদন করিয়ে নিতে হবে ।

**৮। সদস্য পদ বাতিল**

নিম্নলিখিত কারণে সদস্যপদ বাতিল হবে -

(ক) যথাসময়ে চাঁদা পরিশোধে ব্যর্থতা;

(খ) লিখিতভাবে পদত্যাগ করলে;

(গ) মৃত্যুজনিত কারণে;

(ঘ) যদি কোন সদস্যের সদস্যপদ বহাল থাকা RUBMBAA'র স্বার্থের পরিপন্থি বলে কার্যনির্বাহী কমিটিতে বিবেচিত হয় এবং তা প্রস্তাব আকারে সাধারণ সভায় অনুমোদিত হয়।

(ক)-এ বর্ণিত কারণে ১০০/-(একশত) টাকা জরিমানাসহ পুনরায় চাঁদা প্রদান সাপেক্ষে বাতিলকৃত সদস্যপদ পুর্নবহাল করা যেতে পারে।

**৯। কার্যনির্বাহী কমিটির ধরণ:**

সদস্যবিশিষ্ট কার্যনির্বাহী কমিটির গঠন নিম্নরূপঃ

| | |
|---|---|
| ১। সভাপতি | ঃ ০১ জন |
| ২। সিনিয়র সহ-সভাপতি | ঃ ০১ জন |
| ৩। সহ-সভাপতি | ঃ ০২ জন |
| ৪। সাধারণ সম্পাদক | ঃ ০১ জন |
| ৫। যুগ্ম সম্পাদক | ঃ ০২ জন |
| ৬। কোষাধ্যক্ষ | ঃ ০১ জন |
| ৭। সাংগঠনিক সম্পাদক | ঃ ০১ জন |
| ৮। সহ-সাংগঠনিক সম্পাদক | ঃ ০১ জন |
| ৯। প্রচার ও প্রকাশনা সম্পাদক | ঃ ০১ জন |
| ১০। সহ-প্রচার ও প্রকাশনা সম্পাদক | ঃ ০১ জন |
| ১১। ওয়েবসাইট ব্যবস্থাপনা সম্পাদক | ঃ ০১ জন |
| ১২। সহ-ওয়েবসাইট ব্যবস্থাপনা সম্পাদক | ঃ ০১ জন |
| ১৩। গবেষণা ও উন্নয়ন সম্পাদক | ঃ ০১ জন |
| ১৪। সহ-গবেষণা ও উন্নয়ন সম্পাদক | ঃ ০৩ জন |
| ১৫। সাহিত্য ও সংস্কৃতি সম্পাদক | ঃ ০১ জন |
| ১৬। সহ-সাহিত্য ও সংস্কৃতি সম্পাদক | ঃ ০১ জন |
| ১৭। কল্যাণ ও উন্নয়ন সম্পাদক | ঃ ০১ জন |
| ১৮। সহ-কল্যাণ ও উন্নয়ন সম্পাদক | ঃ ০১ জন |
| ১৯। সদস্য | ঃ ০৯ জন |

(ক) সভাপতি ও সাধারণ সম্পাদক-এর পদ কোন কারণে শূণ্য হলে, সিনিয়র সহ-সভাপতি ও একজন সহ-সম্পাদক যথাক্রমে সভাপতি ও সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করবেন। কোষাধ্যক্ষের পদ শূণ্য হলে কার্যনির্বাহী কমিটি উক্ত কমিটির যে কোন সদস্যকে কোষাধ্যক্ষের দায়িত্ব দিতে পারবে।

(খ) সভাপতি কোন কারণে পদত্যাগ করতে চাইলে সিনিয়র সহ-সভাপতির নিকট তাঁর পদত্যাগপত্র জমা দিবেন। কার্যনির্বাহী কমিটির অন্যান্য কর্মকর্তাদের মধ্যে যে কেউ পদত্যাগ করতে চাইলে তিনি সভাপতির নিকট তাঁর পদত্যাগপত্র পেশ করবেন।

(গ) সভাপতির অনুমোদনক্রমে সাধারণ সম্পাদক সাত দিনের নোটিশে কার্যনির্বাহী কমিটির সভা আহ্বান করবেন। তবে এক দিনের নোটিশে জরুরি সভা আহবান করা যাবে।

(ঘ) কার্যনির্বাহী কমিটির সভার কোরামের জন্য এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতি প্রয়োজন হবে। কোন সভায় কোরাম না হলে উপস্থিত সদস্যবৃন্দ সংখ্যাগরিষ্ঠ মতের ভিত্তিতে পরবর্তী সভার তারিখ নির্ধারণ করবেন। পরবর্তী সভায় যে কোন সংখ্যক সদস্য উপস্থিত হলে তা কোরাম হিসাবে গণ্য হবে। জরুরি সভায় কোরামের প্রয়োজন হবে না।

(ঙ) কার্যনির্বাহী কমিটির সকল সিদ্ধান্ত সংখ্যাগরিষ্ঠ মতের ভিত্তিতে গৃহীত হবে। প্রয়োজনবোধে সভাপতি কাস্টিং ভোট প্রদান করতে পারবেন।

(চ) সভাপতির অনুপস্থিতিতে সিনিয়র সহ-সভাপতি/সহ-সভাপতি এসোসিয়েশনের সভায় সভাপতিত্ব করবেন। তবে সহ-সভাপতিগণের কেউ উপস্থিত না থাকলে উপস্থিত কার্যনির্বাহী কমিটির সদস্যগণ সভার সভাপতি নির্বাচন করবেন।

(ছ) বছরে কার্যনির্বাহী কমিটির অন্ততঃ দুটি সভা অনুষ্ঠিত হবে। সাধারণ সম্পাদক তা করতে ব্যর্থ হলে সভাপতি নিজে কার্যনির্বাহী কমিটির সভা আহবান করতে পারবেন।

(জ) কার্যনির্বাহী কমিটির কার্যকাল হবে ২ (দুই) বছর। কমিটির দায়িত্ব গ্রহণের দিন থেকে মেয়াদকাল শুরু হবে। নতুন কার্যকরী কমিটি কাউন্সিল অধিবেশনের তারিখ হতে দায়িত্ব গ্রহণ করবেন।

(ঝ) গঠনতন্ত্রের বিধানের ব্যাখ্যার বিষয়ে কার্যনির্বাহী কমিটির সংখ্যাগরিষ্ঠ সদস্যের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

## ১০. কার্যনির্বাহী কমিটির কর্মকর্তাদের ক্ষমতা ও দায়িত্বসমূহ

(ক) সভাপতি ঃ সভাপতি কার্যনির্বাহী কমিটির প্রধান হিসাবে গণ্য হবেন। তিনি কমিটির সভায়, এলামনাই সম্মেলন ও অন্যান্য সভায় সভাপতিত্ব করবেন।

(খ) জেষ্ঠ্য সহ-সভাপতি/সহ-সভাপতি ঃ জেষ্ঠ্য সহ-সভাপতি ও সহ-সভাপতি সভাপতিকে তাঁর দায়িত্ব ও কার্য পালনে সহযোগিতা করবেন। সভাপতির অনুপস্থিতিতে জেষ্ঠ্যতার ভিত্তিতে সহ-সভাপতিগনের একজন সভাপতির দায়িত্ব পালন করবেন।

(গ) সাধারণ সম্পাদক ঃ সাধারণ সম্পাদক সভাপতির পরামর্শক্রমে কার্যনির্বাহী কমিটির সভা, অ্যাসোসিয়েশনের দ্বিবার্ষিক সম্মেলন, সাধারণ সভা ও অন্যান্য সভা আহবান করবেন। তিনি এসোসিয়েশনের যাবতীয় কাগজ পত্র সংরক্ষণ ও চিঠিপত্রের আদান-প্রদান করবেন। মূলতঃ তিনিই এসোসিয়েশনের সিদ্ধান্তসমূহ কার্যকর করবেন।

(ঘ) সহ-সাধারণ সম্পাদক ঃ সম্পাদককে তার দায়িত্ব পালনে সহ-সাধারণ সম্পাদক সর্বাত্মক সহযোগিতা করবেন। সাধারণ সম্পাদকের অনুপস্থিতিতে সহ-সাধারণ সম্পাদক, সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করবেন।

(ঙ) কোষাধ্যক্ষ ঃ কোষাধ্যক্ষ এলামনাই এসোসিয়েশনের তহবিল রক্ষক। তিনি এলামনাই এসোসিয়েশনের আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ করবেন। তিনি বিধিসম্মতভাবে সাধারণ সম্পাদক কর্তৃক দাবীকৃত অর্থ প্রদান করবেন।

(চ) সাংগঠনিক সম্পাদক ঃ সাংগঠনিক সম্পাদক এসোসিয়েশনের যাবতীয় সাংগঠনিক কার্য সম্পাদন করবেন। যেমন: সদস্য সংগ্রহ ও সংগঠনকে গতিশীল করা।

(ছ) সহ-সাংগঠনিক সম্পাদক ঃ সহ-সাংগঠনিক সম্পাদক সাংগঠনিক সম্পাদককে তাঁর দায়িত্ব পালনে সর্বাত্মক সহযোগিতা করবেন।

(জ) প্রচার সম্পাদক ঃ প্রচার সম্পাদক অ্যাসোসিয়েশনের প্রচার সংক্রান্ত যাবতীয় দায়িত্ব পালন করবেন।

(ঝ) সহ-প্রচার সম্পাদক ঃ সহ-প্রচার সম্পাদক প্রচার সম্পাদকের দায়িত্ব পালনে সাহায্য ও সহযোগিতা করবেন।

(ঞ) ওয়েবসাইট ব্যবস্থাপনা সম্পাদক ঃ ওয়েবসাইট ব্যবস্থাপনা সম্পাদক এসোসিয়েশনের ওয়েবসাইট ব্যবস্থাপনা ও উন্নয়নের যাবতীয় দায়িত্ব পালন করবেন।

(ট) সহ-ওয়েবসাইট ব্যবস্থাপনা সম্পাদক ঃ তিনি ওয়েবসাইট ব্যবস্থাপনা সম্পাদককে তাঁর কাজে সর্বাত্মক সহযোগিতা প্রদান করবেন।

(ঠ) গবেষণা ও উন্নয়ন সম্পাদক ঃ তিনি অ্যাসোসিয়েশনের একাডেমিক সেমিনার/ সিম্পোজিয়াম/ শিক্ষামূলক আলোচনা অনুষ্ঠান আয়োজনের দায়িত্বে থাকবেন। বিভাগের গবেষণা কার্যক্রম যুগোপযোগী করার লক্ষ্যে বিভাগের সহযোগী শক্তি হিসাবে কাজ করবেন। উপরন্তু বিভাগের শিক্ষার্থীদেরকে বিভিন্ন শিল্প-কারখানায় কাজে দক্ষ করে গড়ে তোলার জন্য বিভাগীয় প্রচেষ্টায় সহায়তা প্রদান করবেন।

(ড) সহ-গবেষণা ও উন্নয়ন সম্পাদক ঃ গবেষণা ও উন্নয়ন সম্পাদককে তাঁর দায়িত্ব পালনে সর্বাত্মক সাহায্য ও সহযোগিতা করবেন।

(ঢ) সাংস্কৃতিক সম্পাদক ঃ সাংস্কৃতিক সম্পাদক বিভিন্ন সময়ে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের দায়িত্ব পালন করবেন।

(ণ) সহ-সাংস্কৃতিক সম্পাদক ঃ সহ-সাংস্কৃতিক সম্পাদক সাংস্কৃতিক সম্পাদককে তাঁর দায়িত্ব পালনে সর্বাত্মক সাহায্য ও সহযোগিতা করবেন।

(ত) কল্যাণ ও উন্নয়ন সম্পাদক ঃ কল্যাণ ও উন্নয়ন সম্পাদক এলামনাই কল্যাণ তহবিল গঠনের জন্য অর্থ সংগ্রহের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। তিনি বিভাগীয় একাডেমিক কমিটির পরামর্শক্রমে অসচ্ছল ছাত্র-ছাত্রীদের সনাক্ত করে মাসিক ছাত্রবৃত্তি বা এককালিন অনুদান এর ব্যবস্থা করবেন। বিভাগের শিক্ষা সহায়ক ও উন্নয়নমূলক কর্মকান্ডে সহযোগিতা প্রদানের জন্য তিনি বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করবেন। এছাড়াও দেশের দূর্যোগকালে জনসাধারনের কল্যাণার্থে করণীয় নির্ধারণ ও তা বাস্তবায়নের জন্য এলামনাই ও ছাত্রদের সমন্বয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। কল্যাণ তহবিল এর অর্থের উৎস: এলামনাই সহ দেশে/বিদেশে বসবাসরত যে কোন ব্যক্তি, প্রতিষ্ঠানের নিকট হতে গৃহীত যে কোন ধরণের দান/অনুদান।

(থ) সহ-কল্যাণ ও উন্নয়ন সম্পাদক ঃ সহ-কল্যাণ ও উন্নয়ন সম্পাদক কল্যাণ ও উন্নয়ন সম্পাদককে তাঁর দায়িত্ব পালনে সর্বাত্মক সাহায্য ও সহযোগিতা করবেন।

## ১১। কার্যনির্বাহী কমিটি গঠন বা নির্বাচন পদ্ধতি

(ক) সাধারণ পরিষদ এলামনাই নির্বাচন পরিচালনার জন্য ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি নির্বাচন কমিশন গঠন করবেন। উক্ত নির্বাচন কমিশনে একজন প্রধান নির্বাচন কমিশনার ও দুইজন সহকারী নির্বাচন কমিশনার থাকবেন।

(খ) নির্বাচন কমিশনের সদস্যবৃন্দ ভোট দিতে পারবেন কিন্তু নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।

(গ) কার্যনির্বাহী কমিটির মেয়াদ শেষ হওয়ার অন্তত: ৬০ (ষাট) দিন পূর্বে অধিবেশনের তারিখ, নির্বাচনের তারিখ, সময় ও ভোটার তালিকা এলামনাই সকলকে অবহিত করতে হবে। যে সকল অ্যালামনাই নির্ধারিত চাঁদা নির্বাচনের নূন্যতম ৩০ (ত্রিশ) দিন পূর্বে পরিশোধে ব্যর্থ হবেন তাদের নাম ভোটার তালিকা থেকে বাদ দিয়ে চূড়ান্ত ভোটার তালিকা অনতিবিলম্বে প্রকাশ করতে হবে।

(ঘ) রিটার্নিং অফিসার মনোনয়ন পত্র জমা দেওয়ার ও প্রত্যাহারের তারিখ ও সময় নির্ধারণ করবেন।

(ঙ) রিটার্নিং অফিসার নির্বাচনসংক্রান্ত সকল বিজ্ঞপ্তি এলামনাই কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করবেন এবং যেসব সদস্য চাঁদা পরিশোধ করেছেন তাঁদেরকে ইমেইল এর মাধ্যমে অবহিত করবেন।

(চ) রিটার্নিং অফিসার নির্বাচনে প্রার্থীদের নামের চূড়ান্ত তালিকা নির্বাচনের অন্ততঃ ১৫ (পনের) দিন পূর্বে ঘোষণা করবেন।

(ছ) একজন প্রার্থী একটি মাত্র পদের জন্য প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন। প্রত্যেক সদস্য ভোটার একটি পদের জন্য একটি মাত্র ভোট দিতে পারবেন।

(জ) কোন পদের জন্য মাত্র একজন প্রার্থী হলে তিনি বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত বলে গণ্য হবেন।

(ঝ) নির্বাচনের অন্তত এক মাস পূর্বে ধার্যকৃত বকেয়া চাঁদা পরিশোধ না করলে কোন সদস্য ভোট দিতে অথবা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।

**১২। সাধারণ সভা**

(ক) প্রতি ২ বছরে এলামনাই এসোসিয়েশনের নুন্যতম ১টি সাধারণ সভা অনুষ্ঠিত হবে। কাউন্সিল অধিবেশনের কোরামের জন্য এক-চতুর্থাংশ সাধারণ সদস্যের উপস্থিতি প্রয়োজন হবে। নূন্যতম ৪৫ দিনের নোটিশে সাধারণ সভা ডাকতে হবে।

(খ) সাধারণ সভায় এলামনাই এসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটি গঠন, কার্যনির্বাহী কমিটির বার্ষিক রির্পোট, অডিট রির্পোট ও বাজেট বিবেচনার জন্য পেশ ও অনুমোদিত হতে হবে। এলামনাই এসোসিয়েশন সম্পর্কে যাবতীয় বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত কাউন্সিল অধিবেশনে উপস্থিত সদস্যদের সংখ্যাগরিষ্ঠের মতামতের ভিত্তিতে গৃহীত হবে। প্রয়োজনবোধে সভাপতি কাস্টিং ভোট দিতে পারবেন।

(গ) কাউন্সিল অধিবেশনে পূর্বেই গঠিত নির্বাচন কমিশন দ্বারা ঘোষিত নির্বাচনী তফসিল অনুযায়ী সরাসরি ভোটের মাধ্যমে কার্যকরী কমিটি নির্বাচিত হবে।

(ঘ) কাউন্সিল অধিবেশনে নির্বাচন অনুষ্ঠানের পূর্বেই পুরাতন কার্যনির্বাহী কমিটি পদত্যাগ করবে। নির্বাচনের ফলাফল ঘোষণার পরপরই নতুন কার্যকরী কমিটি শপথ নিয়ে দায়িত্ব বুঝে নিবে।

**১৩। উপদেষ্টা পরিষদ**

(ক) অ্যালামনাই সুষ্ঠু পরিচালনায় সহায়তা, পরামর্শ এবং উপদেশ প্রদানের নিমিত্তে একটা উপদেষ্টা পরিষদ গঠিত হবে। উপদেষ্টা পরিষদের মেয়াদকাল কার্যনির্বাহী পরিষদের ন্যায় ২(দুই) বছর হবে।

(খ) সাধারণ সদস্য হওয়ার যোগ্যতাসম্পন্ন ব্যক্তি যিনি জাতীয় জীবনে কোন সম্মানজনক পেশায় নিয়োজিত আছেন বা ছিলেন এবং যাহার ব্যাপক বা জাতীয় পরিচিতি রয়েছে বা সমিতিতে বিশেষ অবদান আছে তিনি উপদেষ্টা পরিষদের সদস্য হওয়ার যোগ্য।

(গ) এলামনাই কার্যনির্বাহী পরিষদের সভায় উপদেষ্টা পরিষদের সদস্যবৃন্দের মনোনয়ন দেওয়া হবে। মনোনয়নের পূর্বে সংশ্লিষ্ট সদস্যদেরকে তাদের সাংবিধানিক দায়িত্ব সম্পর্কে অবহিত করে সম্মতি গ্রহণ করতে হবে।

(ঘ) উপদেষ্টা পরিষদের সদস্য সংখ্যা হবে সর্বোচ্চ ৭ (সাত) ।

**১৪। অ্যালামনাই তহবিল গঠন ও পরিচালনা**

নিম্নলিখিত উপায়ে সংগৃহীত অর্থ অ্যালামনাই তহবিল হিসাবে গণ্য হবে এবং সব অর্থ একটি নির্ধারিত ব্যাংক একাউন্টে জমা থাকবে ঃ

(ক) সদস্যদের বাৎসরিক বা এককালীন চাঁদা।

(খ) দান/অনুদান।

(গ) সাময়িকী, বার্ষিক পত্র-পত্রিকা ইত্যাদি বিক্রয় বাবদ আয় এবং সেগুলিতে বিভিন্ন সংগঠনের বিজ্ঞাপন প্রকাশ/ছাপা বাবদ আয়।

(ঘ) বিবিধ আইনানুগ উপায়ে সংগৃহীত অর্থ।

(ঙ) অন্যান্য।

সংগঠনের তহবিল বৃদ্ধি কল্পে যে কোন প্রকার প্রকল্প/কর্মসূচী/অনুষ্ঠান পরিচালনার পূর্বে কার্যনির্বাহী পরিষদের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। RUBMBAA'র কোষাধ্যক্ষ, সাধারণ সম্পাদক ও সভাপতি-এই তিন জনের যে কোন দুই জনের যৌথ স্বাক্ষরে অ্যাসোসিয়েশনের ব্যাংক হিসাব পরিচালিত হবে।

**১৫। গঠনতন্ত্র সংশোধন পদ্ধতি**

অ্যালামনাই যে কোন সদস্য বার্ষিক সাধারণ সভায় গঠনতন্ত্রের কোন ধারার উপর সংশোধনী প্রস্তাব আনয়ন করতে পারবেন। কমপক্ষে ৩ জন সদস্য কর্তৃক সমর্থিত উক্ত সংশোধনী প্রস্তাবের অনুলিপি সাধারণ সভা অনুষ্ঠিত হবার অন্তত ৩০ (ত্রিশ) দিন পূর্বে কার্যনির্বাহী পরিষদের সভাপতির নিকট প্রেরণ করবেন। উক্ত প্রস্তাব কার্যনির্বাহী পরিষদে আলোচনা সাপেক্ষে সাধারণ সভায় আলোচ্যসূচীভূক্ত হতে হবে। বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সদস্যদের দুই-তৃতীয়াংশের অনুমোদনক্রমে সংশোধনী প্রস্তাব গৃহীত হবে।

**১৬। উপকমিটি গঠন**

RUBMBAA'র সাংগঠনিক কার্যক্রম জোরদার করার লক্ষ্যে দেশের অভ্যন্তরে বা বিদেশে কিছু উপকমিটি গঠন করা যাবে। এই উপকমিটি মূল কমিটিকে দায়িত্বাধীন অঞ্চলের যাবতীয় সাংগঠনিক কাজে সহায়তা প্রদান করবে। উপকমিটির গঠন হবে নিম্নরুপ:

(ক) আহবায়ক- ১ জন

(খ) সদস্য- ৪-১০ জন

**১৭। অ্যালামনাই সম্মেলনে বিভাগে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ**

এলামনাই এসোসিয়েশনের দ্বিবার্ষিক সম্মেলনে বা অন্যান্য সভায় কার্যনির্বাহী কমিটির অনুমোদনক্রমে প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীরা সম্মেলনের জন্য কার্যনির্বাহী কমিটি কর্তৃক ধার্যকৃত বিশেষ চাঁদা দিয়ে অংশগ্রহণ করতে পারবে। তবে তারা সদস্যপদ বা ভোটাধিকার বা অন্য কোন বিশেষ সুযোগ-সুবিধা ভোগ করতে পারবে না।